# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।*

১. ★ নদী ভাঙনের শিকার জহির মিয়া ঢাকা চলে আসে। খাদ্যের অভাবে জহির মিয়ার ছেলেমেয়েরা অপুষ্টিতে ভুগতে থাকে। স্বাস্থ্যসেবার প্রাপ্ত সুযোগ-সুবিধা ভোগ করতে ব্যর্থ হয়ে জহির মিয়ার অস্বাস্থ্যকর গৃহ পরিবেশে সংক্রামক ব্যাধি বিস্তারের উর্বর ক্ষেত্র হিসেবে বিরাজ করছিল। পরবর্তীতে সরকার গৃহীত একটি কর্মসূচির অধীনে জহির মিয়ার পরিবারের জীবনযাত্রার মানের পরিবর্তন ঘটতে থাকে।

ক. মৌল-মানবিক চাহিদার একটি উদাহরণ দাও। ১

খ. মৌল-মানবিক চাহিদা পূরণ সকল নাগরিকের জন্য অপরিহার্য— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত জহির মিয়ার পারিবারিক অবস্থার আলোকে বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা পূরণের প্রতিবন্ধকতা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মৌলিক মানবিক চাহিদা পূরণে গৃহীত পদক্ষেপ হিসেবে যে কর্মসূচির ইঙ্গিত রয়েছে তার গুরুত্ব মূল্যায়ন কর। ৪

২. ★ রবিন ঢাকার অদূরে নবাবপুরে বাস করেন। গার্মেন্টস শ্রমিক সীমা ও তার স্বামী ও দুই সন্তানসহ তার বাড়িতে ভাড়া থাকে। মাসের শেষে প্রায়শ সীমা বাড়ি ভাড়া দিতে ব্যর্থ হয়। সীমা ও তার স্বামী যে বেতন পায় তা দিয়ে চারজনের সংসার চালানো কষ্টকর। অন্যান্য শ্রমিকদের মতো তারাও মাঝে মাঝে বেতন বৃদ্ধির জন্য মালিকের নিকট দাবি জানায়। গার্মেন্টস শ্রমিক ইউনিয়ন মজুরি বৃদ্ধির জন্য প্রচেষ্টা চালায়। একদিন সীমা অসুস্থ স্বামীকে হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করায়। রবিন সাহেব হাসপাতাল সমাজসেবা কার্যালয়ের সাহায্যে তার চিকিৎসার ব্যবস্থা করে দেন।

ক. চিকিৎসা সমাজকর্মে কোন ব্যক্তির অবদান সবচেয়ে বেশি? ১


খ. ক্লিনিক্যাল সমাজকর্মী সমাজকর্মের সকল শাখায় কাজ করেন— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সীমার সমস্যা সমাধানে সমাজকর্মের কোন শাখা ভূমিকা পালন করতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সীমার সমস্যা ও তার অসুস্থ স্বামীর সমস্যা সমাজকর্মের দুটি ভিন্ন ভিন্ন শাখার অন্তর্ভুক্ত— ব্যাখ্যা কর। ৪

https://teachingbd24.com

৩.▶ ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. অটিজম সম্পর্কে কে প্রথম ধারণা দেন? ১

খ. রেড ফ্ল্যাগ বলতে কী বোঝায়? ২

গ. ছকটি কী নির্দেশ করে? শূন্যস্থানে সেটি বসিয়ে ছকটি সম্পূর্ণ কর। ৩

ঘ. তোমার মতে উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানে Inclusive সমাজ গঠন আবশ্যক-তোমার মতের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪.▶ 'ক' দীর্ঘদিন ইনজেকশনের মাধ্যমে মাদকদ্রব্য গ্রহণ করে আসছে। বর্তমানে সে জটিল রোগে আক্রান্ত। জ্বর, সর্দি, কাশি, বিরতিহীন ডায়রিয়া ও ওজন কমে যাওয়া ইত্যাদি রোগে ভুগছে সে। এ বিষয়ে উদ্বিগ্ন হয়ে সমাজকর্মী করিম সমাজবাসীকে সচেতনকরতে কাজ করেন।

ক. HIV-এর পূর্ণরূপ লেখ। ১

খ. জলবায়ু পরিবর্তন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের 'ক'-এর মধ্যে কোন সমস্যা দেখা দিয়েছে? নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকের এই সমস্যা প্রতিরোধযোগ্য— বিশ্লেষণ কর। ৪

৫.▶ ইউসুফ ও উমা ভালো বন্ধু। পারিবারিক ও সামাজিক স্বীকৃতির মাধ্যমে সামাজিক বন্ধন স্থাপিত হয়। তাদের মধ্যকার সামাজিক বন্ধনই সাধারণত স্থায়ীভাবে সম্পর্ক প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করে।

ক. ধর্ম কী? ১

খ. গণমাধ্যম বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি কোন সামাজিক প্রতিষ্ঠানকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর।৩

ঘ. সামাজিক প্রতিষ্ঠান হিসেবে উদ্দীপকে উল্লিখিত বিষয়টির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৬. ★ বিয়ের এক বছর পেরিয়ে গেলেও রুনার বাবার কাছ থেকে যৌতুকের পুরো টাকা আদায় হয়নি রুস্তমের। এখন প্রায়ই প্রতিদিনই রুনাকে রুস্তমের কাছ থেকে যৌতুকের কারণে শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হতে হয়।

ক. Law শব্দটি কোন ভাষার শব্দ থেকে এসেছে? ১


Teachingbd24.com

খ. সামাজিক আইন কাকে বলে? ২

গ. উদ্দীপকে বর্ণিত রুনা কোন আইনের মাধ্যমে সহায়তা পেতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রুস্তমের মতো ব্যক্তিদের সৃষ্ট অনাকাঙ্ক্ষিত অবস্থা রোধের উদ্দেশ্যে এ আইন সাহায্য করে— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭. ▶ নিচের প্রদত্ত বাংলাদেশের প্রচলিত একটি কর্মসূচি সম্পর্কিত ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. RSS-এর পূর্ণরূপ লেখ। ১

খ. সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. ছকে নির্দেশিত কর্মসূচির বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত কর্মসূচিটি বাংলাদেশের উন্নয়নের ক্ষেত্রে প্রযোজ্যতা মূল্যায়ন কর। ৪

৮. ★ হুমায়ূনদের বাড়ি উপকূলীয় এলাকায়। তাদের এলাকায় প্রায়ই ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস হয়। আজ সকারে হঠাৎ তার মোবাইলে ঘূর্ণিঝড়ের পূর্বাভাস জানিয়ে একটি sms আসে। sms পড়ে সে ঘূর্ণিঝড়ে বাতাসের গতিবেগ, উপকূলে আঘাত হানার সম্ভাব্য সময় ইত্যাদি সম্পর্কে জানতে পারে। তাদের এলাকায় বেশির ভাগ মানুষই এ ধরনের sms পড়ে না বা পড়ে বুঝতে পারে না। সমাজকর্মের ছাত্র হিসেবে তার মনে হয়, এ ধরনের কার্যক্রমে সমাজকর্মের পদ্ধতি প্রয়োগ করা যায়।

ক. USS-এর পূর্ণরূপ লেখ। ১

খ. জাতীয় মানবাধিকার কমিশনের নির্যাতিতদের অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মোবাইলে হুমায়ূনের sms পাওয়া বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনার কোন ধরনের কার্যক্রম? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকে সমাজকর্মের পদ্ধতি প্রয়োগ সম্পর্কে হুমায়ূনের মনোভাবের সাথে তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৯.▶ মজিদ সাহেবের বয়স ৬৫ বছর। নিজের অসুস্থতার সময় একটি বিশেষ হাসপাতারে চিকিৎসকের কাছে যান। তিনি মনে করেন, তারা অনেক আন্তরিক। তাছাড়া সেখানে গিয়ে তিনি নিজের বয়সী অনেককে পেয়ে গল্প করার সুযোগ পান। স্বল্পমূল্যে সেবা পাওয়া যায় বলে তিনি বন্ধুদেরও এখানে আসার পরামর্শ দেন।

ক. আন্তর্জাতিক প্রবীণ দিবস কবে উদযাপিত হয়? ১

খ. শিক্ষার পাশাপাশি কাজে অংশগ্রহণ ও সংক্ষিপ্ত পাঠক্রম কোন প্রতিষ্ঠানের নীতি? ২

গ. মজিদ সাহেব উদ্দীপকে ইঙ্গিতকৃত কোন হাসপাতাল থেকে কোন ধরনের সেবা পেয়ে থাকেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মজিদ সাহেবের মতো মানুষদের জন্য উক্ত হাসপাতাল পরিচালনাকারী সংস্থাটি আরও অনেক ক্ষেত্রে অনবদ্য ভূমিকা রাখছে— বিশ্লেষণ কর। ৪

১০. ★ 'রক্ত দিন জীবন বাঁচান' মুমূর্ষু রোগীদের জীবন বাঁচাতে রক্তদানে উদ্বুদ্ধ করতে এটি একটি আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠনের স্লোগান। যুদ্ধে আহত সৈন্যদের দুর্দশা দেখে একজন মানবদরদী ব্যক্তিত্ব সংগঠনটি প্রতিষ্ঠায় এগিয়ে আসে। প্রতিষ্ঠানটি সারা বিশ্বে মানবকল্যাণে ও দুর্গত মানুষের সেবায় অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে।

ক. ইউএনডিপি (UNDP) কী? ১

খ. সেভ দ্যা চিলড্রেন-এর মূল লক্ষ্য কী? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত সংগঠনটি কোন ধরনের সংগঠন— ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে আর্ত-মানবতার সেবায় উদ্দীপকে ইঙ্গিতকৃত প্রতিষ্ঠানটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

১১.▶ রাজিব রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের সম্মান শ্রেণির ছাত্র। তাত্ত্বিক কোর্স শেষে সে ব্যবহারিক প্রশিক্ষণে অংশগ্রহণ করে। সমাজকর্ম অনুশীলনের জন্য তাকে পাঠানো হয় মাদকাসক্ত নিরাময় কেন্দ্রে। সে তার অধীনে মাদকাসক্ত রোগীদের (সাহায্যার্থীদের) যথাযথ মূল্য ও মর্যাদা দেয়। সে তার প্রতিষ্ঠানের সম্পদের ব্যবহার নিশ্চিত করে রোগীদের সেবা করে।

ক. মাঠকর্ম কী? ১

খ. কেস ম্যানেজমেন্ট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত নীতি ব্যতিত একজন প্রশিক্ষণার্থী হিসেবে রাজিব আর কী কী নীতি অনুসরণ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজকর্মের একজন শিক্ষার্থী হিসেবে রাজিবের ভবিষ্যৎ পেশাগত জীবনে মাঠকর্মের তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

https://teachingbd24.com

# বিষয় ঃ সমাজকর্ম-দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৭ ২

সময়- ৩০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. **সমাজবিজ্ঞানী টোলের মতে মৌলিক মানবিক চাহিদা কত প্রকার?**
ⓚ ৪ ⓛ ৫
ⓖ ৬ ⓘ ৭

২. ★ **খাদ্যের অপূরণজনিত প্রধান সমস্যা কোনটি?**
ⓚ নিরক্ষরতা ⓛ পুষ্টিহীনতা
ⓖ অপরাধ প্রবণতা ⓘ বস্তি সমস্যা

৩. **ব্র্যাকের প্রতিষ্ঠাতা কে?**
ⓚ ড. মুহাম্মদ ইউনুস
ⓛ ফজলে হাসান আবেদ
ⓖ ডা. মুহাম্মদ ইব্রাহিম
ⓘ আব্দুল ওয়াহেদ

৪. ★ **হিন্দু বিবাহ রেজিস্ট্রেশন আইন পাশ হয় কবে?**
ⓚ ২০১০ ⓛ ২০১১
ⓖ ২০১২ ⓘ ২০১৩

৫. ★ **বেকারত্ব বলতে কী বোঝায়?**
ⓚ কর্ম না থাকা
ⓛ ভাল চাকুরি না পাওয়া
ⓖ কাজের ইচ্ছা না থাকা
ⓘ ইচ্ছে থাকা সত্ত্বেও কাজ না পাওয়া

**উদ্দীপকটি পড় ও ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও:**
মালেকা আক্তার একটি সংস্থা থেকে ১৫০০০ হাজার টাকা জামানত বিহীন ঋণ গ্রহণ করে হাঁস-মুরগির খামার শুরু করেন। বর্তমানে মালেকা সংস্থার কিস্তি পরিশোধের পাশাপাশি ২ সন্তানের লেখাপড়া চালিয়ে যাচ্ছে।

৬. **মালেকা আক্তারের কার্যক্রমে যা প্রত্যক্ষ করা যায় তা হচ্ছে?**
i. কর্মসংস্থান
ii. অবহেলিত শ্রেণির নেতৃত্বের বিকাশ
iii. কৃষি খাতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭. **মালেকা আক্তারের সাফল্য অবদান রাখবে—**
i. শিক্ষার হার বৃদ্ধিতে
ii. নারীর ক্ষমতায়নে
iii. তৃণমূল পর্যায়ে সংগঠন তৈরিতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৮. ★ **কত সালে অটিজম শনাক্ত করা হয়?**
ⓚ ১৮৪৩ ⓛ ১৯৪৩
ⓖ ১৯৬৩ ⓘ ১৯৭৩

৯. **বাংলাদেশে সর্বপ্রথম বিদ্যালয় সমাজকর্ম চালু হয় কোন শহরে?**
ⓚ চট্টগ্রাম ⓛ রাজশাহী
ⓖ বরিশাল ⓘ খুলনা

১০. ★ **Social Diagnosis গ্রন্থের লেখক কে?**
ⓚ W.A. Friedlander ⓛ Mary Richmond
ⓖ Perlman ⓘ Karlmarx

১১. **কোন কাজটি গ্রামীণ সমাজসেবা কার্যক্রমের অন্তর্ভুক্ত?**
i. দল গঠন
ii. বৃত্তিমূলক প্রশিক্ষণ
iii. ঋণদান কার্যক্রম
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১২. ★ **USS এর পূর্ণরূপ কী?**
ⓚ Urban Social Service
ⓛ Urbane Social Service
ⓖ Urban Society Service
ⓘ Urbane Society Service

১৩. **মাঠকর্ম কোন ধরণের প্রক্রিয়া?**
ⓚ গতিশীল ⓛ ধারাবাহিক
ⓖ ক্রমবর্ধমান ⓘ ধীর

**উদ্দীপকটি পড়ো ১৪ এবং ১৫নং প্রশ্নের উত্তর দাও:**
হামিদ সাহেব হাসপাতালে চাকুরি করেন। তিনি রোগী ও চিকিৎসকের মধ্যে সম্পর্ক স্থাপনে সহায়তা করেন। তিনি রোগীর সহায়তা ও পুনর্বাসনও ভূমিকা রাখেন।

১৪. **হামিদ সাহেব হাসপাতালে কোন পদে চাকুরি করেন?**
ⓚ বিদ্যালয় সমাজকর্মী
ⓛ চিকিৎসা সমাজকর্মী
ⓖ ক্লিনিক্যাল সমাজকর্মী
ⓘ সাইকিয়াট্রিক সমাজকর্মী

১৫. **হামিদ সাহেবের কাজে উপকৃত হয়?**
i. রোগী
ii. ডাক্তার
iii. রোগীর আত্মীয়-স্বজন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

Teachingbd24.com
https://teachingbd24.com

১৬. ★ নিচের কোনটি সামাজিক অনাচারের উদাহরণ?
ক দারিদ্র  খ নিরক্ষরতা
গ দুর্নীতি  ঘ পুষ্টিহীনতা

১৭. জনপ্রিয় কার্টুন ছবি 'মিনা' প্রচারে অবদান রাখে?
ক WHO  খ UNDP
গ ILO  ঘ UNICEF

১৮. ★ গ্রামীণ ব্যাংকের সাথে সংশ্লিষ্ট স্থানটির নাম হচ্ছে—
ক শাল্লা  খ জোবরা
গ মানিকগঞ্জ  ঘ কুমিল্লা

১৯. UCEP-এর লক্ষ্য দল কারা?
i. বস্তিবাসী শিশু
ii. সুবিধা বঞ্চিত শিশু
iii. পিতামাতাহীন শিশু
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২০. কিশোর আদালতের আইনগত ভিত্তি হলো—
ক শিশু আইন ১৯৭৪
খ পারিবারিক আদালত অধ্যাদেশ আইন ১৯৮৫
গ নারী নির্যাতন আইন-১৯৮৩
ঘ নারী ও শিশু নির্যাতন আইন- ২০০৩

উদ্দীপকটি পড় ও ২১ এবং ২২নং প্রশ্নের উত্তর দাও:
রাফি সমাজকর্ম বিষয়ে মাস্টার্স শেষ বর্ষের ছাত্র। সিলেবাসের অংশ হিসেবে তাকে ৬০ কর্মদিবস উপজেলা সমাজসেবা কার্যালয়ে কাজ করতে হয়।

২১. রাফি সিলেবাসভুক্ত কোন কাজটি করেছে?
ক গবেষণা  খ মাঠকর্ম
গ থিসিস  ঘ চাকুরী

২২. উক্ত কাজে সে প্রয়োগ করেছে—
i. সমাজকর্মের মূল্যবোধ
ii. সমাজকর্মের নীতি
iii. সমাজকর্মের পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৩. ★ অটিজম কী?
ক দৈহিক প্রতিবন্ধিতা
খ মানসিক প্রতিবন্ধিতা
গ বুদ্ধি প্রতিবন্ধিতা
ঘ মস্তিষ্কের বিকাশ সংশ্লিষ্ট প্রতিবন্ধকতা

২৪. HIV এর পূর্ণরূপ কী?
ক Human immune dificiency Virus
খ Humne immuno dificiency Virus
গ Human Immuno dificiency Virus
ঘ Humane immun dificiency Virus

২৫. ★ Ancient Society গ্রন্থের লেখক কে?
ক এইচ এল মর্গান  খ নিমকফ
গ অগবার্ন  ঘ ম্যালিনস্কী

২৬. গণমাধ্যমের বৈশিষ্ট্য হলো—
i. সংবাদ বা তথ্য আনুষ্ঠানিক সংগঠন হতে প্রেরিত
ii. তথ্যাদির একমুখী প্রচার
iii. ফলাফল সরাসরি পাওয়া যায় না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৭. ★ গ্রামীণ সমাজসেবা কার্যক্রম গৃহীত হয় কত সালে?
ক ১৯৫৪ সালে
খ ১৯৬১ সালে
গ ১৯৭২ সালে
ঘ ১৯৭৪ সালে

২৮. শহর সমাজসেবার বৈশিষ্ট্য হলো—
i. শহর সমষ্টির চেতনার বিকাশ
ii. শরে জনগোষ্ঠীর মধ্যে থেকে অভ্যন্তরীণ নেতৃত্বের বিকাশ
iii. সরকার ও জনগণের মধ্যে সহযোগিতার মনোভাব সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৯. বাংলাদেশের সর্ববৃহৎ বেসরকারি সংস্থার নাম কি?
ক ব্র্যাক  খ আশা
গ প্রশিকা  ঘ ইউসেপ

৩০. ★ জ্যা হ্যানরি ডুনান্ট প্রতিষ্ঠা করেন—
ক ওয়ার্ল্ড ভিশন
খ সেভ দ্যা চিলড্রেন
গ রেডক্রস সোসাইটি
ঘ পাথ ফাইন্ডার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com

https://teachingbd24.com